স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

পঞ্চম পত্র (5th Paper : **Probondho Ebong Romyarachona**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) আপনার পাঠক্রমের অন্তর্গত 'গীতিকাব্য' প্রবন্ধটি দুটি অংশে বিন্যস্ত। এই দুই অংশের বিশ্লেষণাত্মক আলোচনা করে বঙ্কিমচন্দ্রের মতামতের ওপর আলোকপাত করুন।

(খ) শিক্ষা সংক্রান্ত বিষয়ে স্বামী বিবেকানন্দের চিন্তাভাবনার বিশেষত্ব সম্পর্কে আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) 'সভ্যতার সংকট' ও 'কালান্তর' প্রবন্ধ দুটির ভাবগত সাদৃশ্যের ওপর আলোকপাত করুন।

(ঘ) 'পতঙ্গ' প্রবন্ধটিতে কমলাকান্তের আত্ম-উপলব্ধির যে পরিচয় পরিস্ফুট সে সম্পর্কে আলোচনা করুন।

বিভাগ – খ

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'চড়ক' নিবন্ধটিতে কালীপ্রসন্নের ভাষারীতি ও রচনাশৈলীর বিশ্লেষণাত্মক আলোচনা করুন।

(খ) সংস্কৃতির রূপান্তরের ক্ষেত্রে ভারতীয় ভাষাগুলির ভূমিকা সম্পর্কে অন্নদাশঙ্কর তাঁর প্রবন্ধে যে আলোচনা উপস্থাপিত করেছেন তা উল্লেখ করুন।

(গ) প্রমথ চৌধুরীর 'বইপড়া' প্রবন্ধটিতে প্রকৃত শিক্ষার ক্ষেত্রে লাইব্রেরির ভূমিকা সম্পর্কে যা বলেছেন তার ওপর আলোকপাত করুন।

(ঘ) 'ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের স্বাদেশিকতা বোধের যে পরিচয় পাওয়া যায় তার আলোচনা করুন।

(ঙ) 'বই কেনা' রচনাটিতে মুজতবা আলীর সরস লিখনশৈলীর পরিচয় দিন।

(চ) 'বাজে কথা' প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গির অভিনবত্ব এবং কাব্যানুভূতির পরিচয় দিন।

বিভাগ – গ

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) ''যেদিন জানিব সেদিন আমার সুখ যাইবে'' — প্রসঙ্গ নির্দেশপূর্বক ব্যাখ্যা করুন।

(খ) 'চড়ক' নিবন্ধটিতে ব্যবহৃত অশ্লীল শব্দগুলির নিরিখে আপনি কি রচনাটিকে অশ্লীল বলবেন ? যুক্তি দিন।

(গ) গীতিকাব্য প্রবন্ধের ভিত্তিতে বঙ্কিমচন্দ্রের প্রদত্ত গীতিকাব্যের সংজ্ঞা দিন।

(ঘ) ''এই যুগ আপন শ্রেষ্ঠ সম্পদে শেষ কড়া পর্যন্ত দেউলে হল'' — প্রসঙ্গ নির্দেশপূর্বক ব্যাখ্যা করুন।

(ঙ) 'মহানিয়ম' বলতে রামেন্দ্রসুন্দর কী বুঝিয়েছেন ?

(চ) যন্ত্র চালনার শিক্ষা জাপানে কী ফল ফলিয়েছিল ?

(ছ) ''যাহা অকারণ, যাহা অনাবশ্যক, তাহার প্রতি ইঁহাদের কোনো লোভ নেই।'' — প্রসঙ্গ নির্দেশপূর্বক ব্যাখ্যা করুন।

(জ) মার্ক টোয়েনের লাইব্রেরি কেমন ছিল ?